Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

২২ জ্যৈষ্ঠ ১৪৩২ | 05 June 2025

## আমাদের সময়

### বোর্ডের মাধ্যমে নিয়োগ হবে উপাচার্য

■ শিক্ষা উপদেষ্টা

**নিজস্ব প্রতিবেদক ●** শিক্ষা উপদেষ্টা সি আর আবরার বলেছেন, পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে দেশের সরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য যোগ্য উপাচার্য খুঁজে নেওয়া হবে। গতকাল বুধবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এ কথা জানান তিনি। শিক্ষা উপদেষ্টা বলেন, নানা অসঙ্গতির কারণে আমরা উপাচার্য নিয়োগের জন্য একটি বোর্ড তৈরি করেছি। আমরা উপাচার্য নির্বাচনের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেব। এতে আগ্রহীরা আবেদন করবেন। এরপর যথাযথ প্রক্রিয়ার মধ্য দিয়ে যোগ্যদের নিয়োগ দেওয়া হবে।

বাংলাদেশ এখন একটি শিক্ষাব্যবস্থার সন্ধিক্ষণে দাঁড়িয়ে রয়েছে উল্লেখ করে সি আর আবরার বলেন, আমরা চাই প্রযুক্তি এমনভাবে ব্যবহার হোক যেন প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীরাও সুবিধাভোগী হয়। সেই সঙ্গে শিক্ষকরা পেশাগত মর্যাদা পাবেন, তারা যেন একটা সম্মানজনক বেতন পান। তিনি আরও জানান, আগামী জুলাই মাস থেকে কলেজ শিক্ষকদের অনলাইনে বদলি প্রক্রিয়া শুরু হবে।

## জনকণ্ঠ

### পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে ভিসি খোঁজা হবে ॥ শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার ॥ পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে দেশের সরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য যোগ্য উপাচার্যদের খুঁজে নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা সি আর আবরার। তিনি বলেন, উপাচার্য (ভিসি) নিয়োগে নানা অসঙ্গতির কারণে আমরা একটি বোর্ড তৈরি করেছি। এতে আগ্রহীরা আবেদন করবেন। এরপর যথাযথ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যোগ্যদের উপাচার্য নিয়োগ দেওয়া হবে। বুধবার সচিবালয়ে আসন্ন এইচএসসি পরীক্ষা ২০২৫ এবং মন্ত্রণালয়ের অন্যান্য বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। এ সময় আগামী জুলাই থেকে কলেজ পর্যায়ে অনলাইনে শিক্ষকদের বদলি প্রক্রিয়া শুরুর কথাও জানান তিনি।

উপদেষ্টা বলেন, বাংলাদেশ এখন একটি শিক্ষা ব্যবস্থার সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে। আমরা চাই প্রযুক্তি এমনভাবে ব্যবহার হোক যেন প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীরাও সুবিধাভোগী হয়।

আমরা চাই এমন একটি ব্যবস্থা গড়ে তুলতে যেখানে শিক্ষকরা পেশাগত মর্যাদা পায়। তিনি বলেন, আমরা এমন এক বেতন ব্যবস্থা সৃষ্টি করতে চাই যেন তারা (শিক্ষক) একটা সম্মানজনক বেতন পান। আগামী জুলাই থেকে কলেজ পর্যায়ে অনলাইনে শিক্ষকদের বদলি প্রক্রিয়া শুরু করা হচ্ছে। স্বচ্ছ বদলি প্রক্রিয়া নিশ্চিতে শিক্ষার্থী, শিক্ষক, সাংবাদিকসহ সবাইকে এগিয়ে আসতে হবে। সভায় সি আর আবরার বলেন, শিক্ষার্থীদের হাতে সামান্য ভুল নিয়েও বই তুলে দিতে আমার মন সায় দিচ্ছে না। তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি যতটা সম্ভব নির্ভুল বই দিতে। এজন্য আমরা কাজ করছি। দেশে বেকার সমস্যা সমাধানে কারিগরি শিক্ষার ব্যাপক ভূমিকা রয়েছে উল্লেখ করে উপদেষ্টা বলেন, এ নিয়ে মন্ত্রণালয়ও নানা উদ্যোগ নিচ্ছে। আমরা চামড়া শিল্প, ওষুধ শিল্প, সিরামিক শিল্পসহ নানা খাতের শিল্প বিশেষজ্ঞ ও প্রতিনিধির সঙ্গে আলাপ আলোচনা করেছি। আমরা মনে করি কারিগরি শিক্ষায় নারীদের অংশগ্রহণ সীমিত। এ সমস্যা সমাধানে আমরা যথাযথভাবে চেষ্টা করব।